



খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

ফ্যাক্স-০৩৭১-৬১০৪৯

email- khagracharipoura@gmail.com.

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

“দেশ প্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

স্মারক নং:- খা:পৌ:/প্রকৌ:/প:শা:/ ২০২০/নোটিশ নথি-১৮৪/৩২৯

তারিখ:-০৫/০১/২০২০খ্রিঃ

বরাবর,

সভাপতি/ সাধারণ সম্পাদক,
খাগড়াছড়ি শাহী জামে মসজিদ পরিচালনা কমিটি।
খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

বিষয়:- মসজিদ পুকুর মার্কেট এর বিভিন্ন অংশে ফাটল দেখা দেয়ায় প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্নকরন সহ ঝুঁকিমুক্ত করন প্রসঙ্গে।
সূত্র:- অত্র পৌরসভার প্রকৌশল বিভাগ এর পরিদর্শন প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, অত্র পৌরসভার প্রকৌশল বিভাগ কর্তৃক মসজিদ মার্কেট পরিদর্শন করে একটি প্রতিবেদন দাখিল করেছেন। পরিদর্শনকালে নিম্নলিখিত ত্রুটিগুলি পরিলক্ষিত হয়েছে যা পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

ত্রুটিগুলো নিম্নরূপ:-

- (১) দোতলার কলামে এবং দেয়ালে ফাটল।
- (২) দোতলার ছাদের বর্ধিতাংশে ফাটল।
- (৩) আস্তর খসে পড়েছে এবং উন্মুক্ত রড দেখা যাচ্ছে।
- (৪) কলামের আস্তর খসে পড়ে রড দেখা যাচ্ছে। প্রতিদিন ফাটল ক্রমান্বয়ে বাড়ছে।
- (৫) রাস্তার সামনের অংশের বারান্দার ফাটল ক্রমান্বয়ে বড় হচ্ছে।
- (৬) রাস্তার পার্শ্বে নির্মিত ধারক দেয়াল ভেঙ্গে যাওয়ার কারনে, ধারক দেয়াল সংলগ্ন অংশ দেবে গেছে।

ভবনটি বহুপূর্বে নির্মিত। বিশেষজ্ঞ প্রকৌশলীর পরামর্শ নিয়ে উপরোক্ত ত্রুটিগুলো সংশোধন করা না হলে বড় ধরনের দুর্ঘটনা হতে পারে।

এমতাবস্থায় বর্ণিত বিষয়ের আলোকে উপরে উল্লেখিত ত্রুটিগুলো সংশোধনসহ প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে সর্বোপরি মার্কেটটি কে ঝুঁকিমুক্ত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী ও জনগুরুত্বপূর্ণ।

(রফিকুল আলম)
মেয়র
খাগড়াছড়ি পৌরসভা

সদয় অবগতি ও কার্যার্থে:-

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। রিজিয়ন কমান্ডার, ২০৩ পদাতিক ডিভিশন, খাগড়াছড়ি সেনানিবাস, খাগড়াছড়ি।
- ৩। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৪। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৫। পরিমুক্ত দেবনাথ, ৮নং ওয়ার্ড কাউন্সিলর, খাগড়াছড়ি পৌরসভা।
- ৬। অফিসার ইনচার্জ, খাগড়াছড়ি সদর থানা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৭। অফিস নথি।